# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**FIRST YEAR [2016-19]**
**B.A./B.Sc. FIRST SEMESTER (July – December) 2016**
**Mid-Semester Examination, September 2016**

Date : 17/09/2016

**BENGALI (General)**

Time : 12 noon – 1 pm

Paper : I

Full Marks : 25

১। নীচের **<u>সবকটি</u>** প্রশ্নের উত্তর দাও। [৫×২]

ক) 'ব্রাহ্মণ-রোমান ক্যাথলিক সংবাদ' বইটি কার লেখা? প্রশ্নোত্তরে লেখা এই বইটি কোন বিষয় নিয়ে লেখা হয়েছিল?

খ) 'ফোর্ট উইলিয়াম কলেজ' থেকে প্রকাশিত দুটি গ্রন্থের প্রকাশকাল লেখকের নাম সহ উল্লেখ করো।

গ) 'ণত্ববিধান' সম্পর্কিত দুটি বৈশিষ্ট্য উদাহরণ সহ উল্লেখ করো।

ঘ) 'ষত্ববিধান' সম্পর্কিত দুটি বৈশিষ্ট্য উদাহরণ সহ উল্লেখ করো।

ঙ) ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগের দায়িত্বে কে ছিলেন? তিনি বাংলা বিভাগ ছাড়া আর কোন বিভাগের দায়িত্বে ছিলেন?

২। যে কোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব ও অবদান আলোচনা করো।

খ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব ও অবদান আলোচনা করো।

৩। অনুচ্ছেদটির সারাংশ লেখো। [৫]

ঈশ্বর ভজনাতেই জীবের পরম মুক্তি। ঈশ্বরের প্রতি অনুরাগই ভক্তি। এই ভক্তি দুভাবে প্রকাশ পায়— হৈতুকী ও অহৈতুকী ভক্তি। কিছু কামনায় বা প্রত্যাশায় যখন আমরা ঈশ্বরকে ডাকি, তখন তা হৈতুকী ভক্তি; আর বিনা প্রত্যাশায় আনন্দাস্বাদনের জন্য যখন ঈশ্বরকে কামনা করি, তখন তা অহৈতুকী ভক্তি। এই ভক্তি নানাভাবে প্রকাশ পায়, যেমন শ্রবণ, কীর্তন, স্মরণ, পাদসেবন, অর্চন, বন্দন, দাস্য, সখ্য, আত্ম নিবেদন ইত্যাদি। বৈষ্ণব সাধনায় ঈশ্বর কৃপালাভের পাঁচটি রসময় অবস্থা বা স্তর আছে। এগুলি হল— ১। শান্ত ২। দাস্য ৩। সখ্য ৪। বাৎসল্য ৫। মধুর। শান্ত রসের সাধনায় শ্রীকৃষ্ণে অবিচলিত নিষ্ঠা, অচঞ্চলমন এবং চিত্তে কামনার বিলুপ্তি ঘটে। অর্থাৎ এটি মুনি-ঋষিদের সাধনা। দাস্যরসে তাঁকে প্রভুরূপে ভজনা করা দরকার, যেমন হনুমান ও রামচন্দ্র। সখ্য রসে ঈশ্বরকে সখাভাবে উপলব্ধি করা দরকার। বাৎসল্য রসে ভক্তের সঙ্গে ভগবানের সন্তান বাৎসল্যের সম্পর্ক। আর মধুররসে শ্রীকৃষ্ণকে দয়িতরূপে জেনে উপাসনা করতে হয়।

——————— × ———————